অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 11/2/2022 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল ট্রয়ে 6.6 মিলিয়ন মার্কিন ডলারের কমিউনিটি রিসোর্স সেন্টারের কাজ শুরু হওয়ার ঘোষণা করলেন

কমিউনিটি রিসোর্স সেন্টার ব্রিজ শৈশবের প্রাথমিক শিক্ষা, বয়স্ক ও কমবয়সীদের কর্মসূচি, এবং পুষ্টি ও সুস্থতা সমর্থন প্রদান করে

গভর্নর ক্যাথি হোকল আজকে ঘোষণা করলেন যে ট্রয়ে অর্থনৈতিক সুযোগ কমিশনের (Commission on Economic Opportunity, CEO) কমিউনিটি রিসোর্স সেন্টারের (Community Resource Center) 6.6 মিলিয়ন মার্কিন ডলারের সম্প্রসারণের নির্মাণ কাজ শুরু হয়েছে। কমিউনিটি রিসোর্স সেন্টার ব্রিজটি (Community Resource Center Bridge) শৈশবের প্রাথমিক শিক্ষা, কমবয়সী ও বয়স্কদের কর্মসূচি, এবং পুষ্টি ও সুস্থতা সেবা প্রদান করবে।

"নিউ ইয়র্কের সকলেরই সাফল্য অর্জনের জন্য তাদের প্রয়োজনীয় সংস্থান পাওয়ার সুযোগ প্রাপ্য," **গভর্নর হোকল বলেন।** "কমিউনিটি সেন্টারগুলি শৈশবের প্রাথমিক শিক্ষা, স্কুল পরবর্তী কর্মসূচি, বয়স্কদের জড়িত ও স্বাস্থ্যবান রাখার কর্মকাণ্ডের মতো অত্যাবশ্যকীয় সেবাদান করে। সম্প্রসারিত কমিউনিটি রিসোর্স সেন্টারটি একটি উল্লেখযোগ্য বিনিয়োগ যা ট্রয়ের বাসিন্দাদের আগামী অনেক দশকের জন্য অত্যাবশ্যকীয় সেবাদান করে যাবে।"

প্রকল্পটি সমর্থিত হচ্ছে গ্রেটার ক্যাপিটাল রিজিয়নের অর্থনৈতিক সুযোগ কমিশন, ইনকর্পোরেশনের (Commission on Economic Opportunity for the Greater Capital Region, Inc.) জন্য নিউ ইয়র্কের জন্য ফেডারেল কমিউনিটি বিকাশ ব্লক অনুদান CARES অ্যাক্ট (Community Development Block Grant CARES Act) তহবিলের বরাদ্দ করা 5 মিলিয়ন মার্কিন ডলারের মাধ্যমে। নিউ ইয়র্ক স্টেট হোমস এবং কমিউনিটি রিনিউয়াল (New York State Homes and Community Renewal) CDBG-CARES কর্মসূচি পরিচালনা করছে।

CEO তহবিলটি ব্যবহার করে ডাউনটাউন ট্রয়ের 2328 5 অ্যাভিনিউতে তাদের বিদ্যমান ফ্যাসিলিটিতে একটি সংযোজন নির্মাণ করবে। সম্প্রসারণটি তিনটি শৈশবের প্রাথমিক শিক্ষার শ্রেণীকক্ষের স্থান প্রদান করবে, সম্প্রদায় সেবাদানের জন্য ঘরের বাইরে একটি স্থান এবং একটি কমিউনিটি কক্ষ প্রদান করবে।

প্রকল্পটি পুরো কোভিড-19 মহামারীর সময়ে CEO যেসব সমস্যার সম্মুখীন হয়েছে তার সাড়াদানে সাহায্য করবে, যেমন সামাজিক দূরত্ব, সশরীরে সেবাদানের ব্যবস্থা, ভেন্টিলেশন, ঘরের বাইরের নিরাপদ স্থান, এবং দূরবর্তী কর্মকাণ্ডের জন্য যথাযথ প্রযুক্তি।

ফেডারেল সম্প্রদায় বিকাশ ব্লক অনুদান CARES অ্যাক্ট তহবিলটি 2020 সালে স্টেটগুলিকে বরাদ্দ দিয়েছে মহামারী সম্পর্কিত স্বাস্থ্য ও নিরাপত্তা বিষয় সমাধান করে এবং জনসেবা উন্নত করে সম্প্রদায়ের এমন প্রকল্প সমর্থন করার জন্য।

নিউ ইয়র্ক স্টেটের হোমস এবং কমিউনিটি রিনিউয়াল কমিশনার রুথঅ্যান ভিস্নাউস্কাস বলেন, "ট্রয়ের কমিউনিটি রিসোর্স সেন্টারের সম্প্রসারণটি হাজার হাজার বাসিন্দার জন্য লাভজনক হবে তাদেরকে একটি নিরাপদ ও স্বাস্থ্যকর পরিবেশে অতি প্রয়োজনীয় কর্মসূচি প্রদান করার মাধ্যমে। মহামারীর পুরো সময় জুড়ে, স্টেটব্যাপী অলাভজনক সংগঠন এবং মিউনিসিপ্যালিটিগুলি জটিল পরিচালনা সমস্যায় জর্জরিত হয়েছে এবং সেবার চাহিদায় বৃদ্ধি দেখেছে। আমাদের 5 মিলিয়ন মার্কিন ডলারের CDBG CARES অর্থ অর্থনৈতিক সুযোগ কমিশনকে তাদের নাগাল বৃদ্ধি এবং ট্রয়ের মানুষের ক্ষমতায়নের তাদের মিশনকে আরো ভালোভাবে পূরণ করতে অনেক সাহায্য করবে।"

সিনেটর চাক শুমার বলেন, "ট্রয়ের কমবয়সীদের উপর বিনিয়োগ করা হলো ক্যাপিটাল রিজিয়নের ভবিষ্যতে বিনিয়োগ করা, এবং আমি সম্প্রদায়, এর পরিবারসমূহ, বয়স্ক, এবং সবথেকে গুরুত্বপূর্ণ, ট্রয়ের শিশুদের বলীয়ান করতে 5 মিলিয়ন মার্কিন ডলার ফেডারেল তহবিল প্রদান করতে পেরে গর্বিত। যখন আমি CARES অ্যাক্টের পক্ষে আলাপ - আলোচনা করেছি, তখন কমিউনিটি সেন্টারটির সম্প্রসারণের মতো নিদারুণভাবে প্রয়োজনীয়, দীর্ঘদিন ধরে না হওয়া বিনিয়োগের কথা আমি প্রথমে ভেবেছি। এখন ট্রয় অবশেষে অত্যাধুনিক একটি সম্প্রদায়ের জমায়েত হওয়ার স্থান পেতে যাচ্ছে যা তাদের বহুদিন ধরে প্রাপ্য।"

প্রতিনিধি পল টঙ্কো বলেন, "কোভিড মহামারীর মধ্যে, কংগ্রেস CARES অ্যাক্ট অগ্রসর করতে দ্রুত কাজ করেছে যাতে আমাদের সম্প্রদায়কে বলীয়ান করা যায় এবং আমাদের পরিবার, ক্ষুদ্র ব্যবসা, এবং সম্প্রদায়ের জন্য একটি লাইফলাইন প্রদান করা যায়। আমি অত্যন্ত আনন্দিত যে আমাদের ক্যাপিটাল রিজিয়নে সেই তহবিল প্রদান করা হচ্ছে। এই প্রকল্পটি ট্রয়ের বাসিন্দাদের ভালো সেবাদান করবে, তাদের প্রাথমিক শৈশবের শিক্ষা, বয়স্কদের সেবা এবং আরো অনেক সমর্থন প্রদান করবে। আমি সম্প্রদায়ের পুনরুজ্জীবন জোরদার করবে এবং আমাদের অঞ্চলকে আরো ভালো একটি স্থানে পরিণত করবে এমন পলিসি অগ্রসর করতে উন্মুখ।"

স্টেটের সিনেটর নীল ব্রেসলিন বলেন, "অর্থনৈতিক সুযোগ কমিশনের কমিউনিটি রিসোর্স সেন্টারটি ট্রয়ের মানুষদের জন্য দারুণ সম্প্রদায়ের সুবিধা প্রদান করবে। আমি গভর্নর হোকল এবং হোমস ও কমিউনিটি রিনিউয়াল উভয়ের প্রশংসা করছি শৈশবের প্রাথমিক শিক্ষার সুযোগ এবং একইসাথে অতিরিক্ত কমবয়সী ও বয়স্কদের কর্মসূচি সম্প্রসারণ করার ক্ষেত্রে তাদের প্রতিশ্রুতির জন্য, যা এখন আমাদের পুরো সম্প্রদায়ের মানুষের জন্য উপলভ্য হবে।"

অ্যাসেম্বলি সদস্য জন টি. ম্যাকডোনাল্ড দ্য থার্ড বলেন, "অর্থনৈতিক সুযোগ কমিশন ব্যক্তি ও পরিবারকে সেই হাতিয়ার প্রদান করে যা তারা নিজেদের জীবন সমৃদ্ধ করতে এবং নিজেদেরকে দারিদ্র্য থেকে বের করে আনতে ব্যবহার করতে পারে। কমিউনিটি সেন্টারের সম্প্রসারণটি CEO-কে তাদের ফ্যাসিলিটিসমূহ এবং কর্মসূচি সংক্রান্ত সেবা হালনাগাদ ও আধুনিক করতে দিবে যার ফলে উল্লেখযোগ্য উন্নয়ন হবে যা বয়স্ক থেকে শুরু করে কমবয়সী শিশু পর্যন্ত সকলকে প্রভাবিত করবে। গভর্নর হোকল এবং হোমস এবং কমিউনিটি রিনিউয়ালকে ধন্যবাদ এমন প্রকল্পে বিনিয়োগ অব্যাহত রাখার জন্য যা অতি গুরুত্বপূর্ণ কর্মসূচি ও সেবা সম্প্রসারণ করতে থাকবে যা সম্প্রদায়কে উল্লেখযোগ্যভাবে উন্নত করবে।"

ট্রয় সিটির মেয়র প্যাট্রিক ম্যাডেন বলেন, "আমরা গভর্নর হোকলের প্রতি অত্যন্ত কৃতজ্ঞ আমাদের কমবয়সী বাসিন্দাদের জন্য এই গুরুত্বপূর্ণ বিনিয়োগ করার জন্য। মহামারী আমাদের অনেক ভুগিয়েছে, সব থেকে বেশি কমবয়সীদেরকে যারা গুরুত্বপূর্ণ শিক্ষাগত ও সামাজিক অভিজ্ঞতা হারিয়েছে। সিটি CEO-র প্রশংসা করছে এই কমিউনিটি সেন্টার বিকাশ করার উদ্যোগের জন্য এবং নিউ ইয়র্ক স্টেটের প্রশংসা করছে তাদের কাজ সমর্থন করার জন্য। এটি সত্যিই আমাদের ভবিষ্যতের জন্য একটি বিনিয়োগ।"

CEO-র প্রেসিডেন্ট ও প্রধান নির্বাহী কর্মকর্তা ক্যাথরিন ম্যাসিয়ল বলেন, "আমরা এই ভবনটি আমাদের সম্প্রদায়ে এবং ট্রয়ের বাসিন্দাদের জন্য যেই সম্ভাবনা নিয়ে আসবে তা নিয়ে অত্যন্ত আনন্দিত। এই ঘরের ভেতরের এবং বাইরের স্থানটি সম্প্রদায়ের সুস্থতার চাহিদা পূরণের সুযোগ প্রদান করবে প্রশিক্ষণ, ক্লাস, পরিবারের শিক্ষাগত উদ্যোগ, উদযাপন এবং আরো অনেক কিছু প্রদান করার মাধ্যমে। এটি এখানে, হুসিক স্ট্রিট করিডোরে একটি অতি প্রয়োজনীয় সেবাকেন্দ্র স্থাপন করতে সাহায্য করবে। মহামারী আমাদের সম্প্রদায়সমূহের জন্য কঠিন ছিলো, কিন্তু এই ভবনটি CEO এবং এর গ্রাহকদের জন্য দারুণ সুযোগের একটি নতুন যুগের সূচনাস্বরূপ।"

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে: www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418